



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ইমেইলঃ prompa6@gmail.com
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd
ফেচবুক পেইজঃ মোংলা বন্দর
সংবাদ
“Mongla Port News”



**"হাউজ কনস্ট্রাকশন ফান্ড বাই প্রাইভেট ফাইন্যান্স এবং করোনা
সহায়তা তহবিল" এ মোংলা বন্দরের ০৫ (পাঁচ) কোটি টাকা অনুদান
প্রদান।**

ভূমিহীন, গৃহহীন, দুর্দশাগ্রস্ত ও ছিন্নমূল পরিবারের গৃহায়নের জন্য "হাউজ
কনস্ট্রাকশন ফান্ড বাই প্রাইভেট ফাইন্যান্স এবং করোনা সহায়তা তহবিল" এ মোংলা
বন্দরের পক্ষ থেকে ০৫ (পাঁচ) কোটি টাকার চেক হস্তান্তর করেন মোংলা বন্দরের
চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা।

মুজিব বর্ষের অঙ্গিকার "বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবেনা" মাননীয়
প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই মহৎ কার্যক্রম সফল করতে মোংলা বন্দর কর্তৃপক্ষের
মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা "হাউজ কনস্ট্রাকশন ফান্ড
বাই প্রাইভেট ফাইন্যান্স এবং করোনা সহায়তা তহবিল"-এ মোংলা বন্দরের পক্ষ হতে
এই অনুদান প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড.
আহমদ কায়কাউস মোংলা বন্দরের অনুদানের চেক বন্দর চেয়ারম্যানের নিকট
হতে গ্রহণ করেন। নৌ পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ
চৌধুরী এবং সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী উক্ত অনুষ্ঠানে উপস্থিত
ছিলেন।

১৯৯৭ সালে ভয়াবহ ঘূর্ণিঝড়ে কক্সবাজার উপকূলসহ পাশ্চবর্তী জেলা আক্রান্ত হয়। অনেক পরিবার গৃহহীন হয়ে পড়ে। তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আক্রান্ত জেলাসমূহ পরিদর্শন করেন এবং গৃহহীন মানুষের দুর্দশা দেখে ১৯৯৭ সালেই "আশ্রয়ন" নামে একটি প্রকল্প গ্রহণ করেন। এ প্রকল্পের সাফল্য ও ধারাবাহিকতা ২০১০-২০২২ (সংশোধিত) মেয়াদে ২.৫০ লক্ষভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল পরিবার পুনর্বাসনের লক্ষ্যে "হাউজ কনস্ট্রাকশন ফান্ড বাই প্রাইভেট ফাইন্যান্স" গঠন করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর এ উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মোংলা বন্দরের পক্ষ থেকে ০৫ (পাঁচ) কোটি টাকা "হাউজ কনস্ট্রাকশন ফান্ড বাই প্রাইভেট ফাইন্যান্স এবং করোনা সহায়তা তহবিল" প্রদান করা হয়েছে।